বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১০৪২ -এ, তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: বিচার বিভাগীয় টেলিফোন নির্দেশিকা-২০২৫ প্রস্তুতের নিমিত্ত বিচারকগণের দপ্তর/আবাসিক টেলিফোন ও মোবাইল ফোন নম্বর, ই-মেইল এ্যাড্রেস অনলাইনে আপলোড সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশের জেলা জজ ও সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালসমূহ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসহ জেলা পর্যায়ের অন্যান্য সকল আদালত/ট্রাইব্যুনালসমূহ এবং বিচার বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সুপ্রীম কোর্টের জরুরী যোগাযোগের প্রয়োজনে উক্ত আদালত/ট্রাইব্যুনাল/কার্যালয়সমূহে কর্মরত সকল বিচারকের এবং সংশ্লিষ্ট আদালত/ট্রাইব্যুনালের প্রশাসনিক কর্মকর্তা ও নাজিরগণের দপ্তর/আবাসিক টেলিফোন ও মোবাইল ফোন নম্বর, ই-মেইল এবং সংশ্লিষ্ট আদালত/ট্রাইব্যুনাল/কার্যালয়ের ফ্যাক্স নম্বর, ই-মেইল এর হালনাগাদ তথ্য সংবলিত টেলিফোন নির্দেশিকা জরুরী ভিত্তিতে প্রস্তুত করা প্রয়োজন।

এমতাবস্থায়, বিচার বিভাগীয় টেলিফোন নির্দেশিকা-২০২৫ প্রস্তুতের নিমিত্ত আগামী ৩০.১১.২০২৪ খ্রি. তারিখ শনিবার এর মধ্যে বিচার বিভাগীয় সকল কর্মকর্তাগণের দপ্তর/আবাসিক টেলিফোন ও মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস এবং আদালত সংশ্লিষ্ট অন্যান্য সহায়ক কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, মোবাইল নম্বর নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক অনলাইনে আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**অনলাইনে বিচার বিভাগীয় টেলিফোন নির্দেশিকা তথ্য আপলোড প্লাটফর্ম:**

১। মনিটরিং কমিটি ফর সাবঅর্ডিনেট কোর্টস-এর সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তাদের মাধ্যমে তথ্য আপলোডের লিংক প্রদান করা হবে। জেলা জজ আদালত, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এবং অন্যান্য সকল আদালত ও ট্রাইব্যুনাল এর জন্য আলাদা আলাদা তথ্য হালনাগাদ লিংক দেওয়া হবে।

২। প্রদত্ত লিংকে সংশ্লিষ্ট আদালতে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাদের কিছু তথ্য তালিকা আকারে দেখানো থাকবে। উক্ত তালিকায় কর্মকর্তার নাম, পদবি, মোবাইল, ফোন এবং ই-মেইল ঠিকানা এডিট করা যাবে। তবে সার্ভিস আইডি পরিবর্তন করা যাবে না। সংশ্লিষ্ট কর্মকর্তা অন্যত্র বদলি হয়ে থাকলে তা ডানদিকে সিলেক্ট করা যাবে এবং যদি বদলি সংক্রান্ত বা, অন্য কোনো মন্তব্য প্রয়োজন হয় তবে তা মন্তব্যের ঘরে লিখতে হবে।

৩। কোনো কর্মকর্তার ছবি পরিবর্তন করতে হলে ছবি পরিবর্তনের লিংকে ক্লিক করে সার্ভিস আইডি দিয়ে নতুন ছবি আপলোড করতে হবে। ছবি আপলোড সম্পন্ন হলে, তালিকায় ছবির ওপর রিলোড বাটনে ক্লিক করলে নতুন ছবি প্রদর্শিত হবে।

৪। তালিকার বাইরে কোনো বিচারক আদালতে কর্মরত থাকলে, "আরেকজন কর্মকর্তার তথ্য যুক্ত করুন" বাটনে ক্লিক করলে একটি নতুন সারি পাওয়া যাবে, যেখানে ওই বিচারকের সার্ভিস আইডিসহ সব তথ্য প্রদান করা যাবে। এখানে সার্ভিস আইডি লিখলে বিচারকের নাম ও ছবি চলে আসবে। ছবি না আসলে আপলোড করে রিলোড বাটনে ক্লিক করতে হবে।

৫। আদালতের প্রশাসনিক কর্মকর্তা, নাজিরসহ অন্যান্য সহায়ক কর্মকর্তাদের নাম, পদবি, মোবাইল ফোন নম্বর সংক্রান্ত তথ্য নিচের ছকে প্রদান করা যাবে। এক্ষেত্রেও একাধিক সারি যুক্ত করা যাবে।

৬। ছকে তথ্য দেওয়া শেষ হলে সাবমিট এবং প্রিন্ট বাটনে ক্লিক করে খসড়া প্রিন্ট করতে হবে।

৭। যদি কোনো তথ্য পরিবর্তনের প্রয়োজন হয়, তাহলে একই লিংকে তথ্য সম্পাদনা করে পুনরায় প্রিন্ট নেওয়া যাবে।

৮। প্রিন্টকৃত খসড়ায় বিজ্ঞ জেলা জজ/বিজ্ঞ মহানগর দায়রা জজ/বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক স্বাক্ষর নেওয়ার পর তা স্ক্যান করতে হবে। স্ক্যান করা ফাইল পিডিএফ আকারে একই লিংকে আপলোড করতে হবে। একবার ফাইল আপলোড হয়ে গেলে আর কোনো তথ্য এডিট করা যাবে না।

স্বাক্ষরিত
(মুন্সী মোঃ মশিয়ার রহমান)
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ
ফোন: ০২-৯৫১৪৬৪৬
ই-মেইল: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ১০৫৩১ -এ, তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- --------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস,এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাক্সেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৩। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৮। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৯। অফিস কপি।

25.11.24

(মোঃ ওমর হায়দার)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫১৭১৬
Email: hayder.aradmin@supremecourt.gov.bd